



লেবাননে ইসরাইলি বিমান হামলায় নিহত ১৩



সংগৃহীত ছবি

দক্ষিণ লেবাননে ইসরাইলি বিমান হামলায় অন্তত ১৩ জন নিহত হয়েছেন। নিহতদের মধ্যে একজন সেনাসদস্য, এক শিশু ও দুজন উদ্ধারকর্মী রয়েছেন বলে জানিয়েছে লেবাননের স্বাস্থ্য মন্ত্রণালয়।

মঙ্গলবার বিভিন্ন এলাকায় এ হামলা চালানো হয়। নাবাতিয়া শহরে এক হামলায় পাঁচজনের মৃত্যু হয়। এছাড়া জেবচিত এলাকার কাছে আরেকটি হামলায় এক লেবানিজ সেনা ও এক সিরীয় নাগরিকসহ চারজন নিহত হন।

অন্যদিকে বিন্ট জেবাইল এলাকায় চালানো হামলায় এক শিশু ও এক নারীসহ আরও চার বেসামরিক নাগরিক প্রাণ হারান। হামলার পর কয়েকটি এলাকায় উদ্ধার অভিযান চালানো হয়। যুদ্ধবিরতির ঘোষণা থাকলেও ইসরাইল ও হিজবুল্লাহর মধ্যে উত্তেজনা কমেনি। ইসরাইলের দাবি, তারা হিজবুল্লাহ সংশ্লিষ্ট স্থাপনা ও সদস্যদের লক্ষ্য করে হামলা চালাচ্ছে। গত মার্চে নতুন করে সংঘাত শুরু হওয়ার পর থেকে দক্ষিণ লেবাননের বিভিন্ন এলাকায় ধারাবাহিক হামলা চলছে। সীমান্তবর্তী কয়েকটি এলাকায় এখনো ইসরাইলি বাহিনীর উপস্থিতি রয়েছে বলে জানিয়েছে স্থানীয় সূত্র।